

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা

সংস্থাপন বিভাগ

www.badc.gov.bd



স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৩.৯৯.০২৩.১৯.৩৬০

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৭

২৯ জুন ২০২০

বিষয়: বিএডিসি'র কর্মকর্তা-কর্মচারীদের আইডি কার্ড/কৃষি ভবনে প্রবেশের এন্ট্রি কার্ড ইস্যুকরণ  
উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিএডিসি'র বিভিন্ন দপ্তর/বিভাগ/প্রকল্পে আউটসোর্সিং এর মাধ্যমে অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারী, নিয়মিত/অনিয়মিত শ্রমিকগণ বিএডিসি'র আইডি কার্ড/ এন্ট্রি কার্ড ব্যবহার করে নিজেকে বিএডিসি'র কর্মকর্তা-কর্মচারী হিসাবে পরিচয় দিচ্ছে এবং বিভিন্ন আইন বিরোধী কাজের সাথে সম্পৃক্ত হচ্ছে। এতে করে সংস্থার সুনাম ক্ষুণ্ণ হচ্ছে। সম্প্রতি কৃষি ভবনের ছাদ বাগানের কাজে নিয়োজিত একজন অনিয়মিত শ্রমিক প্রতারণামূলক কাজ করে নিজেকে স্থানীয় উপজেলা প্রশাসনের কাছে বিএডিসি'র কর্মচারী হিসাবে পরিচয় প্রদানের বিষয়টি কর্তৃপক্ষের গোচরে এসেছে।

০২। সে পরিপ্রেক্ষিতে সংস্থার সার্বিক নিরাপত্তা এবং ভাবমূর্তি রক্ষার স্বার্থে বিএডিসি'র বিভিন্ন দপ্তর/বিভাগ/প্রকল্পে আউটসোর্সিং এর মাধ্যমে অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারী, নিয়মিত/অনিয়মিত শ্রমিকদের কোন প্রকার স্থায়ী আইডি কার্ড/এন্ট্রি কার্ড ইস্যু না করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে মোতাবেক তাঁদেরকে কোন প্রকার স্থায়ী আইডি কার্ড/এন্ট্রি কার্ড ইস্যু না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। ইতোমধ্যে বিএডিসি'র অফিস ভবন এবং অবকাঠামোসমূহ সংস্কার, আধুনীকিকরণ ও নির্মাণ শীর্ষক প্রকল্পসহ উল্লিখিত কর্মচারীদের স্থায়ী আইডি কার্ড/ কৃষি ভবনে প্রবেশের স্থায়ী এন্ট্রি কার্ড (RFID Card) প্রদান করা হয়ে থাকলে তার তালিকা প্রস্তুতপূর্বক সচিব, বিএডিসি এর মাধ্যমে সংস্থার সাধারণ পরিচর্যা বিভাগে কার্ডসমূহ জমা প্রদানের জন্যও সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান ও প্রকল্প পরিচালকগণকে অনুরোধ করা হলো।

০৩। অপরদিকে সংস্থার শুধুমাত্র স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সাধারণ পরিচর্যা বিভাগ কর্তৃক স্থায়ী আইডি কার্ড/কৃষি ভবনে প্রবেশের এন্ট্রি কার্ড প্রদান করা যাবে। তবে কার্ড ইস্যুর পূর্বে সংস্থাপন বিভাগ হতে কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী সংক্রান্ত তথ্য যাচাইপূর্বক সচিব, বিএডিসি এর অনুমোদনক্রমে সাধারণ পরিচর্যা বিভাগ কর্তৃক আইডি কার্ড/কৃষি ভবনে প্রবেশের এন্ট্রি কার্ড ইস্যুকরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। এ বিষয়ে চেয়ারম্যান, বিএডিসি এর অনুমোদন রয়েছে।

১৯-৬-২০২০

মোঃ আনোয়ার ইমাম  
সচিব

.....বিভাগীয় প্রধান (সকল), বিএডিসি।

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৩.৯৯.০২৩.১৯.৩৬০/১

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৭  
২৯ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ/ অর্থ/ সার ব্যবস্থাপনা/ বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ২) প্রকল্প পরিচালক (ফসল সেক্টর) (সকল), বিএডিসি
- ৩) প্রকল্প পরিচালক, বিএডিসি (সেচ সেক্টর) (সকল), বিএডিসি
- ৪) প্রকল্প পরিচালক, বিএডিসি'র অফিস ভবন এবং অবকাঠামোসমূহ সংস্কার, আধুনিকীকরণ ও নির্মাণ শীর্ষক প্রকল্প, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা (কৃষি ভবনের মূল ফটকে স্থাপিত Access Control System হতে বিএডিসি'র বিভিন্ন দপ্তর/বিভাগ/প্রকল্পে আউটসোর্সিং এর মাধ্যমে অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারী, নিয়মিত/অনিয়মিত শ্রমিকদের এন্ট্রিকার্ডসমূহ Inactive করার নির্দেশসহ)।
- ৫) যুগ্মপরিচালক, সাধারণ পরিচর্যা বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৬) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৭) কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৮) অফিস কপি/ মাস্টার ফাইল

১৯-৬-২০২০

মোহাম্মদ জাকিরুল ইসলাম  
যুগ্মপরিচালক